



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারক নং- সাষ্ট/ পিআর/০৩

তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০১৮

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ সাষ্ট রিসার্চ সেন্টার আয়োজিত 'Advance Training on statistical Analysis' শীর্ষক ৫দিন ব্যাপী কর্মশালার শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, গবেষণা খাতে সরকার ব্যয় বাড়াচ্ছে। এই বছর এ বিশ্ববিদ্যালয়ে ১ কোটি ৭ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। আগামী বছর ৪ কোটি টাকা বরাদ্দ করা হবে। তাই বিশ্ববিদ্যালয়ের গবেষকদের দক্ষতা উন্নয়নের জন্য সাষ্ট রিসার্চ সেন্টারের আজকের আয়োজন খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস-এর ডিন প্রফেসর ড. এ. জেড. এম. মঞ্জুর রশিদ এর পরিচালনায় বক্তব্য রাখেন প্রফেসর ড. কামাল আহমদ চৌধুরী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাষ্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো. জাকির হোসেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার